

💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ২৩৫০

২২/ নিষিদ্ধ কার্যাবলী

পরিচ্ছেদঃ আল্লাহ ও তাঁর রসূল (ﷺ) কর্তৃক নিষিদ্ধ কর্মে লিপ্ত হওয়া থেকে সতর্কীকরণ

আরবী

عَنْ ثَوْبَانَ مَوْلَى رَسُوْلِ اللهِ عَلَيْ قَالَ: قَالَ رَسُوْلُ اللهِ عَلَيْ لِأَلْفِيَّنَ أَقُوامًا مِنْ أُمَّتِي يَأْتُونَ يَوْمَ الْقِيَامَةِ بِحَسَنَاتٍ أَمْثَالِ جِبَالِ تِهَامَةَ فَيَجْعَلُهَا اللهُ هَبَاءً مَنْثُورًا، فَقَالُوا: يَا رَسُولَ اللهِ صِفْهُمْ لَنَا لِكَيْ لا نَكُونُ مِنْهُمْ وَنَحْنُ لا نَعْلَمُ فَقَالَ أَمَا إِنَّهُمْ مِنْ إِخْوَانِكُمْ وَلَكِنَّهُمْ أَقُوامُ إِذَا خَلَوْا بِمَحَارِمِ اللهِ انْتَهَكُوهَا

বাংলা

(২৩৫০) সাওবান (রাঃ) কর্তৃক বর্ণিত, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, আমি নিঃসন্দেহে আমার উদ্মতের কয়েক দল লোককে চিনি যারা কিয়ামতের দিন তিহামা (মক্কা ও ইয়ামানের মধ্যবর্তী এক বিশাল লম্বা শ্রেণীবদ্ধ) পর্বতমালার সমপরিমাণ বিশুদ্ধ নেকী নিয়ে উপস্থিত হবে; কিন্তু আল্লাহ তাদের সে সমস্ত নেকীকে উড়ন্ত ধূলিকণাতে পরিণত করে দেবেন। সাওবান (রাঃ) বললেন, হে আল্লাহর রসূল! সে লোকেরা কেমন হবে তা আমাদের জন্য খুলে বলুন ও তাদের হুলিয়া বর্ণনা করুন, যাতে আমরা আমাদের অজান্তে তাদের দলভুক্ত না হয়ে পড়ি।' আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, শোন! তারা তোমাদেরই ভাই এবং তোমাদেরই সম্প্রদায়ভুক্ত হবে। তোমরা যেমন রাত্রি জাগরণ করে ইবাদত কর তেমনি তারাও করবে। কিন্তু যখনই তারা আল্লাহর নিষিদ্ধ বস্তু নিয়ে লোকচক্ষুর অন্তরালে থাকবে, তখনই তা অমান্য ও লংঘন করবে।

ফুটনোট

(ইবনে মাজাহ ৪২৪৫, ত্বাবারানীর আওসাত্ব ৪২৩২, সাগীর ৬৬২, সিলসিলাতুল আহাদিসুস সহীহা হা/৫০৫)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ সাওবান (রাঃ)

Ø Link — https://www.hadithbd.com/hadith/link/?id=66098

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন